Prof. (Dr.) Manik Saha

CHIEF MINISTER OF TRIPURA
AGARTALA - 799010

सत्यमेव जयते

## নাগরিকদের প্রতি আবেদন

প্রিয় ত্রিপুরাবাসী,

আমরা যখন উন্নয়ন ও প্রযুক্তিগত অগ্রগতির এক নতুন অধ্যায়ে প্রবেশ করছি, ঠিক সেই সময় আমাদের দেশ এক অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মসূচি—**'জনগণনা ২০২৭'** বাস্তবায়নের পথে অগ্রসর হচ্ছে। এই প্রেক্ষাপটে ত্রিপুরার প্রতিটি নাগরিকের প্রতি আমার আন্তরিক আহ্বান—আমাদের রাজ্যের ভবিষ্যৎ পরিকল্পনা ও উন্নয়নের ভিত্তিকে আরও সুদৃঢ় করতে এই গুরুত্বপূর্ণ জাতীয় কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করুন।

জনগণনা শুধু গণনার একটি প্রক্রিয়া নয়, এটি একটি উন্নত, পরিকল্পিত ও সমৃদ্ধ রাষ্ট্র গঠনের অন্যতম প্রধান ভিত্তি। জনগণনা থেকে প্রাপ্ত তথ্যের উপর নির্ভর করেই সরকার বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচির পরিকল্পনা প্রণয়ন, প্রয়োজন অনুযায়ী পরিমার্জন এবং কার্যকর বাস্তবায়ন করে। মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার মাধ্যমে স্বাস্থ্য পরিষেবা, প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে আবাসন, শিক্ষার পরিকাঠামোর উন্নয়ন কিংবা গ্রামীণ সড়ক যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ—এসব গুরুত্বপূর্ণ জনকল্যাণমূলক কর্মসূচির সফল বাস্তবায়ন জনগণনা থেকে প্রাপ্ত তৃণমূলস্তরের (মাইক্রো-লেভেল) তথ্যের উপর অনেকাংশে নির্ভরশীল। তাই একটি শক্তিশালী, সমৃদ্ধ ও প্রগতিশীল **'এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা'** গড়ে তুলতে প্রতিটি পরিবারের সঠিক ও সম্পূর্ণ তথ্য অত্যন্ত প্রয়োজন।

আমাদের দেশের ইতিহাসে এই প্রথম জনগণনা সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হতে যাচ্ছে। রাজ্যের প্রশাসনিক ব্যবস্থার বিভিন্ন স্তর—প্রধান জনগণনা আধিকারিক (জেলা শাসক এবং আগরতলা পুর নিগমের মিউনিসিপ্যাল কমিশনার), জেলা জনগণনা আধিকারিক (অতিরিক্ত জেলা শাসক), মহকুমা জনগণনা আধিকারিক (মহকুমা শাসক), স্থানীয় চার্জ আধিকারিকগণ (সিইও/বিডিও/ইও), সুপারভাইজার এবং এনিউমারেটরগণ—আধুনিক মোবাইল অ্যাপ্লিকেশন ও অনলাইন মনিটরিং প্ল্যাটফর্ম (CMMS)-এর মাধ্যমে এই জনগণনা কার্যক্রম সুষ্ঠু, স্বচ্ছ ও নির্ভুলভাবে সম্পন্ন করার জন্য সম্পূর্ণ প্রস্তুত রয়েছেন।

এই জনগণনা কার্যক্রমের কাঠামোগত ভিত্তি—যার মধ্যে নিখুঁতভাবে প্রস্তুত করা Master Jurisdictional Baseline এবং গ্রাম ও ওয়ার্ডের সীমানা নির্ধারণের কাজ চূড়ান্ত হয়েছে। এখন এই বৃহৎ জাতীয় কর্মযজ্ঞের সাফল্য সম্পূর্ণভাবে নির্ভর করছে আপনাদের সহযোগিতা ও অংশগ্রহণের উপর ।

আমি রাজ্যের সমস্ত গ্রাম, বিধিবদ্ধ শহর (Statutory Town), মিউনিসিপ্যাল এলাকা ও ব্লকের সকল নাগরিকের প্রতি আন্তরিক আবেদন জানাচ্ছি - জনগণনা কর্মীরা যখন আপনাদের বাড়িতে যাবেন, তখন তাঁদের সর্বাত্মক সহযোগিতা করুন এবং সঠিক, সত্য ও সম্পূর্ণ তথ্য প্রদান করুন। আপনার এবং আপনার পরিবারের প্রতিটি সদস্যের সঠিক গণনা নিশ্চিত করার মাধ্যমে আপনি রাজ্যের উন্নয়ন, সঠিক নীতি প্রণয়ন এবং আর্থ-সামাজিক মানোন্নয়নে সরাসরি গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। আসুন, আমরা সকলে এই গুরুত্বপূর্ণ জাতীয় দায়িত্ব পালনে ঐক্যবদ্ধ হয়ে একযোগে অংশগ্রহণ করি। আজকের দিনে আপনাদের সক্রিয় অংশগ্রহন ত্রিপুরার আগামী প্রজন্মের জন্য একটি উজ্জ্বল, সুপরিকল্পিত ও সমৃদ্ধ ভবিষ্যৎ নিশ্চিত করবে।

**"জনগণনা থেকে জনকল্যাণ"**

প্রফেসর (ডা:) মানিক সাহা